কেস স্টাডি

১) নীচের গদ্যাংশটি পাঠ করে সঠিক উত্তর নির্বাচন করে লেখো। ১×৫=৫

একবার আমার আঠার শিশির মধ্যে একটা আরশোলা পড়ে মরেছিল। আটশোলা সমেত আঠা এক স্থানে ঢেলে ফেলে দিলাম। কিছুক্ষণ পরে আরশোলার দেহটা খাবার জন্য লাল রংয়ের একপ্রকার ক্ষুদে বিষ-পিঁপড়ে আঠার চারিদিক ঘেরাও করল। কলকাতার চারিদিকে এই বিষ পিঁপড়ে সব সময় দেখা যায়। দু-চারটে পিঁপড়ে আরশোলার কাছে যাবার চেষ্টা করল। কিন্তু তরল আঠার মধ্যে বন্দী হয়ে হাবুডুবু খেতে লাগলো।

তখনো তারা মৃত আরশোলার দেহটার আশা ছাড়েনি। বরং সেখানে পিঁপড়ের সংখ্যা আরো বেশি হয়েছে। পিঁপড়েগুলির মুখে কোনা কোনা কাঁকর। কাঁকর মুখে করে আঠার ওপর তারা জড়ো করছে। সময়ের দিকে তাদের ভ্রুক্ষেপ নেই। প্রায় দু'ঘণ্টা ধরে তারা কাঁকর বয়ে নিয়ে গেল। আঠার ওপর তারা একটা কাকরের পথ তৈরি করে ফেলল।

## ক) আঠার মধ্যে কি আটকে ছিল?

আরশোলা /মাছি /পিঁপড়ে / মাকড়সা

খ) মন্তব্য :সময়ের দিকে তাদের ভ্রুক্ষেপ ছিল না।

কারণ: তারা নিজেদের কাজে ব্যস্ত ছিল।

মন্তব্য ঠিক, কারণ ঠিক /

মন্তব্য ঠিক, কারণ ভুল /

মন্তব্য ভুল,কারণ ঠিক / মন্তব্য ভুল,কারণ ভুল

গ) শিশি থেকে কি পড়েছিল?

আঠা / জল / তেল /নুন

ঘ) কত ঘন্টা ধরে পিঁপড়েরা **কাঁকর** বয়ে নিয়ে গেল?

এক ঘন্টা /দুই ঘন্টা /চার ঘন্টা/ তিন ঘন্টা

ঙ) মন্তব্য: আঠার ওপর কাঁকরের পথ তৈরি করল।

কারণ : মৃত আরশোলার দেহটা খাওয়ার জন্য।

মন্তব্য ভুল,কারণ ঠিক/মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ভুল, কারণ ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল

চ) কোন শহরে এই পিঁপড়ে দেখা যায়?

দিল্লি /কলকাতা /মুম্বাই /চেন্নাই